

উপজেলা পরিষদ কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/ভা.ম/উপজেলা কমিটি/২০২৩

তারিখঃ ০৩/০৯/২০২৩ খ্রি.

নোটিশ

ভালুকা উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, সেনিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০৮/০৯/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(সেলিনা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।
- ৫। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভালুকা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউ.পি. ভালুকা, ময়মনসিংহ।
- ৭। কর্মসূচি ম্যানেজার, ব্র্যাক ওয়াশ, ভালুকা, ময়মনসিংহ।
- ৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ভালুকা, ময়মনসিংহ।

জনস্বাস্থ্য, সেনিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব সেলিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ০৮/০৯/২০২৩ খ্রিঃ, সময় : দুপুর ২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনি না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতপর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভালুকা অধ্যকার সভায় অবহিত করেন যে, তাঁর বিভাগের নিয়মিত কার্যক্রমসমূহ যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</p> <p>তিনি আরো জানান যে, অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২২, ২০২২-২৩ অর্থ বছরে ৩৪৫টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ মোতাবেক ইতোমধ্যেই কাজ সম্পন্ন করা হয়েছে।</p> <p>জাতীয় স্যানিটেশন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরে একটি পাবলিক টয়লেট ও একটি কমিউনিটি টয়লেট এর বরাদ্দ হয়েছে। বরাদ্দ মোতাবেক ঠিকাদার কর্তৃক কাজ চলমান রয়েছে।</p> <p>GPS, NNGPS প্রকল্পের আওতায় ভালুকা উপজেলায় ২৫টি বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মাণ কাজের বরাদ্দ পাওয়া যায় এর মধ্যে ২০টির কাজ চলমান আছে। অবশিষ্ট ৫টি ওয়াস ব্লক এর কাজ অতি শীঘ্রই আরম্ভ করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ দেওয়া হয়েছে।</p> <p>চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, গ্রীষ্মকালে প্রতিবছরই অত্র উপজেলার ধীতপুর, ডাকাতিয়া ও উখুড়া ইউনিয়নের কতিপয় গ্রামে তীব্র সুপেয় পানি সংকট দেখা দেয়। এমতাবস্থায় গ্রীষ্মের প্রারম্ভেই ডাকাতিয়া, ধীতপুর ও ভড়াডোবা ইউনিয়নের বিভিন্ন গ্রামে গভীর নলকূপ স্থাপনের ব্যবস্থা করা হলে সুপেয় পানি সংকট কিছুটা হলেও নিরসন হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।</p> <p>বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনধিক =৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ে গভীর নলকূপ স্থাপনের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জরুরী ভিত্তিতে কোটেশন আহবানের মাধ্যমে প্রকল্প কাজটি সমাপ্ত করার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সেলিনা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।





স্মারক নং-স্মারক নং- জনস্বাস্থ্য/ভা.ম/স্থায়ী কমিটি/২০২৩-
অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ- পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

তারিখঃ ০৮/০৯/২০২৩ খ্রিঃ

সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
ভালুকা, ময়মনসিংহ।

০৮/০৯/২০২৩ খ্রিঃ তারিখের জনস্বাস্থ্য, সেনিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক উপজেলা
কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি	স্বাক্ষর
১.	জনাব সেলিনা আক্তার মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ভালুকা	সভাপতি	
২.	জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৩.	মেয়র ভালুকা পৌরসভা ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৪.	চেয়ারম্যান ১১নং রাজে ইউনিয়ন পরিষদ ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৫.	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ভালুকা, ময়মনসিংহ।	সদস্য সচিব	